দামুড়হুদা মডেল থানা পুলিশের আয়োজনে শোক দিবসের আলোচনা সভা

দামুড়হুদা মডেল থানা পুলিশের উদ্যোগে ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার বেলা ১১টার সময় দামুড়হুদা মডেল থানা চত্বরে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন,যার জন্ম না হলে এ দেশ স্বাধীন হতো না এবং আজও আমরা পাকিস্তানের দাসত্বের নিগড়ে আবদ্ধ থাকতাম, ইতিহাসের মহামানব সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি বাংলাদেশের নির্যাতিত-নিপীড়িত মানুষের শ্রেষ্ঠবন্ধু জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে আমরা এই আগস্ট মাসে হারিয়েছি। শোকাবহ আগস্টের সেই কালরাতে ঘাতকের নির্মম বুলেটে প্রাণ হারিয়েছেন বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিবসহ জাতির পিতার পরিবারের অন্যান্য সদস্যগণ-তাদের সকলকে বিনম্র শ্রদ্ধায় স্মরণ করি দৃঢ় নীতি, আদর্শ ও সঙ্কল্পবোধ নিয়ে তিনি যুদ্ধবিধ্বস্ত স্বাধীন ও সার্বভৌম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ গঠনে অগ্রসর হয়েছিলেন। কিন্তু জাতীয়-আন্তর্জাতিক ষড়যন্ত্রে খুনিচক্র তাকে দেশের অভ্যন্তরে সপরিবারে হত্যা করে। জাতির জনককে সপরিবারে হত্যা করেই খুনিচক্র ক্ষান্ত হয়নি। একই বছরের ৩ নভেম্বর আওয়ামী লীগকে নেতৃত্ব শূন্য করার জন্য কারাগারের অন্ধকার প্রকোষ্ঠে-বঙ্গবন্ধুর অবর্তমানে যারা বারবার নেতৃত্ব দিয়েছেন-জাতীয় চার নেতাকে নিষ্ঠুরভাবে হত্যা করা হয়।

এ হত্যাকাণ্ডের উদ্দেশ্য ছিল জাতীয় রাজনীতিতে নেতৃত্ব শূন্যতা তৈরি করা। কিন্তু ঘাতকচক্রের ষড়যন্ত্র আমরা সফল হতে দেইনি। আওয়ামী লীগের রক্তে ভেজা পতাকা দলীয় ও জাতীয় ঐক্যের প্রতীক বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার হাতে আমরা তুলে দিয়ে সেদিন আমরা ঐতিহাসিক ভূমিকা পালন করেছিলাম। আজ তা প্রমাণিত। জাতির জনক অর্থনৈতিক উন্নয়নের যে ভিত্তিভূমি তৈরি করে দিয়ে গেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা সেই ভিত্তির উপর দাঁড়িয়ে বঙ্গবন্ধুর

চেতনা ধারণ করে, শোককে শক্তিতে পরিণত করেছেন। তিনি নিষ্ঠা, সততা ও সাহসের সাথে সব প্রতিকূলতা অতিক্রম করে বাংলাদেশকে উন্নয়নের রোল মডেলে পরিণত করে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলায় রূপান্তরিত করতে জাতিকে সাফল্যের সাথে এগিয়ে নিয়ে যাচ্ছেন।

উক্ত অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিনিয়র সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হাজী শহিদুল ইসলাম, উপজেলা কমান্ডার বীর মুক্তিযোদ্ধা আছির উদ্দিন, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) আলমগীর কবির, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী। ওসি অপারেশন শফিউল আলম, সদর ইউনিয়ন চেয়ারম্যান হযরত আলী, জুড়ানপুর ইউনিয়ন চেয়ারম্যান সোহরাব হোসেন, হাউলী ইউনিয়ন চেয়ারম্যান ভারপ্রাপ্ত নিজাম উদ্দিন, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ, দামুড়হুদা মডেল মসজিদের ইমাম মাওলানা মুফতি মামুনুর রশিদ, উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহমেদ রিংকু সহ দামুড়হুদা মডেল থানার কর্মকর্তাগণ রাজনৈতিক নেতৃবৃন্দ ও সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দামুড়হুদা মডেল থানার সেকেন্ড অফিসার এসআই শেখর চন্দ্র মল্লিক।

দামুড়হুদা মডেল থানার উদ্যোগে এলাকায় পুলিশের মহড়া জোরদার

দামুড়হুদা মডেল থানার নবাগত অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির এর উদ্যোগে থানা এলাকায় পুলিশের বিশেষ মহড়া জোরদার করা হয়েছে।

গতকাল সোমবার সন্ধ্যা সাড়ে ৬ টার দিকে দামুড়হুদা মডেল থানার সামনে থেকে দামুড়হুদা থানা মোড়, চৌরাস্তার মোড়, জয়রামপুর শেখপাড়া, কাঁঠালতলা, ডুগডুগি, লোকনাথপুর, হাউলী সহ বিভিন্ন স্থানে পুলিশ মহড়া দেয়। এলাকার আইন শৃঙ্খলা রক্ষার্থে রাষ্ট্র বিরোধী, দুষ্কৃতিকারী, চোরাকারবারি, মাদক ব্যবসায়ীদের প্রতিহতর

জন্য পুলিশের উপস্থিতি আরও জোরদার করা হয়েছে।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) আলমগীর কবির বলেন, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন ছিল এদেশের মানুষ নির্বিঘ্নে রাতে যেন ঘুমাতে পারে। সেটা বর্তমান পুলিশ প্রশাসন নিশ্চিত করেছেন। মানুষ নির্বিঘ্নে চলাফেরা করতে পারে, রাতে ঘুমাতে পারে। সাধারণ মানুষের জানমাল নিরাপত্তা সহ পুলিশ প্রশাসন রাত দিন ২৪ ঘন্টা কাজ করে চলেছে। দামুড়হুদা মডেল থানা এলাকায় আইন শৃঙ্খলা পরিস্থিতি রক্ষার জন্য পুলিশের এই বিশেষ মহড়া চলমান থাকবে। দেশ বিরোধী চক্রান্ত সহ মাদক ইভটিজিং, কিশোর গ্যাং, চোরাকারবারি, জুয়া, বাল্যবিবাহ প্রতিরোধে দামুড়হুদা মডেল থানা পুলিশ সবসময়ই বদ্ধপরিকর। কোন অবস্থাতেই থানা এলাকায় কোনরকম বিশৃঙ্খলা মেনে নেওয়া হবে না।

তিনি আরো বলেন, সবাইকে সাবধান করা হলো, আপনারা যারা বিভিন্ন অপরাধের সাথে জড়িত আছেন তারা সবাই ভালো হয়ে যান। অপরাধ থেকে সুস্থ জীবনে ফিরে আসুন, তা না হলে আজ হোক কাল হোক পুলিশের চোখ ফাঁকি দিয়ে কোন অপরাধি চিরস্থায়ীভাবে টিকে থাকতে পারবে না। সঠিক ও সুনির্দিষ্ট তথ্য দিয়ে পুলিশকে সহযোগিতা করুন। পুলিশ সবসময় জনগণের পাশে আছে, পুলিশ জনতার বন্ধু।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার ওসি তদন্ত শফিকুল ইসলাম, ওসি অপারেশন শফিউল আলম, সেকেন্ড অফিসার এসআই শেখর চন্দ্র মল্লিক, এসআই সালাউদ্দিন আহমেদ, এসআই খসরু, এসআই মিজান, এএসআই বিপ্লব কুমার, এএসআই দিরাজ সহ দামুড়হুদা মডেল থানায় কর্মরত সকল পুলিশ সদস্য উপস্থিত ছিলেন।

দামুড়হুদা মডেল থানা পুলিশের অভিযানে গরুসহ চোর আটক

দামুড়হুদা মডেল থানার পুলিশ অভিযান চালিয়ে গরুসহ একজন চোরকে আটক করেছেন। আটকৃত চোর হোসেন গাজি (৪০) নতুন বাস্তপুর গ্রামের মৃত মোতালেব গাজির ছেলে।

বুধবার বেলা ১১ টার দিকে নতুন বাস্তপুর গ্রামে হোসেন গাজির নিজ বসতঘর থেকে এই গরু উদ্ধার করা হয়।

জানাযায়,পুরাতন হাউলি গ্রামের মৃত আলিহিম গাজির ছেলে ইয়াছিন আলির গত মঙ্গলবার রাতে একটি এড়ে গরু চুরি হয়ে যায়।পরদিন সকালে গরুর মালিক গরুর পায়ের ছাপ ধরে নতুন বাস্তপুর গ্রামের মোতালেব গাজির ছেলে হোসেন গাজির বাড়ি হাজির হয়।পরে প্রতিবেশীদের সঙ্গে নিয়ে হোসেন গাজির বাড়ি তল্লাশি করে একটি লাল রংয়ের এড়ে গরুর বাছুর উদ্ধার করেন। পরে পুলিশকে খবর দিলে দামুড়হুদা মডেল থানার এস আই খসরু আলমগীর সঙ্গীয় ফোর্সসহ তাকে আটক করেন।

দামুড়হুদা মডেল থানার হোসেন গাজির বিরুদ্ধে মামলার প্রক্রিয়া চলছে।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির সত্যতা নিশ্চিত করে বলেন একটি গরুসহ গরুচোরকে আটক করা হয়েছে। মামলা প্রক্রিয়াধীন।

দামুড়হুদা মডেল থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে গাঁজাসহ আটক-১

দামুড়হুদা মডেল থানা পুলিশের মাদক বিরোধী সফল অভিযান পরিচালনা করে ৬’শ গ্রাম মাদকদ্রব্য গাঁজা সহ হাফিজুর রহমান হাফু (৪৮) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে।

পুলিশ সূত্রে জানা যায়, শুক্রবার সন্ধ্যা ৬ টার দিকে দামুড়হুদা মডেল থানার সদ্য যোগদানকৃত অফিসার ইনচার্জ, মোঃ আলমগীর কবীরের নেতৃত্বে দামুড়হুদা থানাধীন হাউলী ইউপি’র পুরাতন বাস্তপুর গ্রামে মাদক বিরোধী অভিযান চালানো হয়। এসময় গোপন সংবাদের ভিত্তিতে পুরাতন বাস্তুপুর সাকিনস্থ পুরাতন বাস্তুপুর দাখিল মাদ্রাসার সামনে দামুড়হুদা টু রঘুনাথপুরগামী পাকা সড়কের উপর থেকে আনুমানিক

সন্ধ্যা ৬টার দিকে পুরাতন বাস্তুপুর গ্রামের মৃত.ফকির বিশ্বাসের ছেলে চিহ্নিত মাদক ব্যবসায়ী মোঃ হাফিজুর রহমান হাফুকে ৬’শ গ্রাম অবৈধ মাদকদ্রব্য গাঁজা সহ হাতেনাতে আটক করা হয়।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানা অফিসার ইনচার্জ মো: আলমগীর কবীর জানান, মাদকদ্রব্য সহ আটককৃত আসামীর বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা হয়েছে। তিনি আরও জানান থানা এলাকায় মাদকদ্রব্য ব্যবসায়ীর হুশিয়ারি করেন অত্র থানা এলাকায় কোন মাদক ব্যবসায়ীকে ছাড় দেওয়া হবে না এবং মাদকবিরোধী অভিযান চলমান থাকবে।

দামুড়হুদা মডেল থানা পুলিশ মাদক বিরোধী অভিযান গাঁজাসহ গ্রেফতার ১

দামুড়হুদা মডেল থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ০১ কেজি ৫০০ গ্রাম গাঁজাসহ ১ জনকে গ্রেফতার করেছে।

গতকাল বৃহস্পতিবার বিকাল ৩ টার দিকে চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আবদুল্লাহ আল মামুনের দিক নির্দেশনায় দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি সাইফুল ইসলামের নেতৃত্বে এস আই সমীর চন্দ্র দাস সঙ্গীয় ফোর্সসহ দামুড়হুদা থানাধীন জুড়ান পুর ইউনিয়নের কলাবাড়ী গ্রামের মাঠপাড়া সাকিনস্থ মোছাঃ ঠেকারী, স্বামী- মৃত করিমন ঘটক এর বসত ঘরের পিছনে ফাঁকা জায়গা হইতে মৃত সাত্তার জোয়ার্দারের ছেলে মুকুল জোয়ার্দারকে ১ কেজি ৫০০ গ্রাম অবৈধ মাদকদ্রব্য গাঁজা সহ আটক করে।

গ্রেফতারকৃত আসামিদের বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

দামুড়হুদায় মডেল থানা পুলিশের ওপেন হাউজ ডে- ২০২৩ অনুষ্ঠিত

“বঙ্গবন্ধুর বাংলাদেশে, পুলিশ আছে জনতার পাশে” এই স্লোগানে দামুড়হুদা মডেল থানা পুলিশ কর্তৃক আয়োজিত ‘ওপেন হাউজ ডে’-২০২৩ উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার সকাল ১১টায় সদর ইউনিয়ন পরিষদের সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি সাইফুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিনিয়র সহকারী পুলিশ সুপার দামুড়হুদা সার্কেল জাকিয়া সুলতানা। এ সময় প্রধান অতিথি বাল্যবিবাহ, ইভটিজিং, মাদক, জুয়া, নারী ও শিশু নির্যাতন, চুরি ইত্যাদি বিষয়ে নির্দেশনামূলক ও জনসচেতনামূলক বক্তব্য রাখেন। তিনি পুলিশ এবং জনগণের দূরত্ব কমিয়ে একসঙ্গে কাজ করা সহ অপরাধ নির্মূল করতে পুলিশকে তথ্য দিয়ে সহায়তা করার জন্য উপস্থিত সকলকে আহবান জানান।

বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান মোঃ হযরত আলী, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী, সেকেন্ড অফিসার শেখর চন্দ্র মল্লিক, ইউপি সদস্য লিয়াকত আলী, সামসুল ইসলাম, নুরুল ইসলাম, জাহিদুল ইসলাম, হাসান আলী, মোছাঃ রুপালি খাতুন, শাহানাজ খাতুন, হাসিনা খাতুন। সভায় উপস্থিত বক্তারা মাদক ও আইন শৃঙ্খলা বিষয়ক নানা ধরনের তথ্য তুলে ধরেন।

উক্ত অনুষ্ঠানে জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতৃবৃন্দ, কমিউনিটি পুলিশের নেতৃবৃন্দ, সুশীল সমাজের নেতৃবৃন্দ, বিভিন্ন স্কুল কলেজের শিক্ষকবৃন্দ, আলেম ওলামাগণ, বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক্স মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দামুড়হুদা সদর ইউনিয়ন বিট ইনচার্জ এসআই সালাউদ্দিন।

দামুড়হুদা বাসস্ট্যান্ড চত্বর যানজট মুক্ত করণের উদ্যোগ মডেল থানা পুলিশের

দামুড়হুদা বাসস্ট্যান্ড চত্বর যানজট মুক্ত করণের উদ্যোগ গ্রহণ করেছেন মডেল থানা পুলিশ। রবিবার সকাল ১০টার দিকে দামুড়হুদা বাসস্ট্যান্ড চত্বর যানজট মুক্ত করণের উদ্যোগে কাজ করে চলছে দামুড়হুদা মডেল থানা পুলিশের একটি টিম।

জানাগেছে দামুড়হুদা বাসস্ট্যান্ড চত্বরে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ এর দিকনির্দেশনায় এসআই তাপস কুমারের নেতৃত্বে যানজট মুক্তকণের উদ্যোগে কাজ চলছে।

তিনি বলেন প্রতিদিনের ন্যায় অবৈধ যান পাখিভ্যান, ইজিবাইক, অটো, লেগুনা, নছিমন, করিমন, আলমসাধুসহ বিভিন্ন ফিটনেস বিহীন গাড়ি রোডের উপর এলোমেলোভাবে সিরিয়াল করে থাকে এবং রোডের পরিবেশ নষ্ট করছে। বাসস্ট্যান্ড এলাকায় এসব অবৈধ গাড়ির জন্য মনে হয় যেন এক বর্জ্যস্তুপ। দিনের পর দিন এক্সিডেন্ট লেগেই থাকে। ছোট ছোট ছেলে মেয়েরা যখন স্কুল কলেজে যাওয়া আসার সময় ভোগান্তি পোহাতে হয়।

এমনকি যাত্রী সাধারনের হয়রানির শিকার হতে হয়। রাস্তা আটকে ঘন্টার পর ঘন্টা সময় নষ্ট হয় পথযাত্রীদের। এতে করে গন্তব্যে যাওয়া খুবই কষ্ট সাধ্য হয়। এসব লাঞ্চিত ভোগান্তি পূর্ণ মানুষের কষ্ট দুঃখ দুরদশা চোখে পড়ে। তাই আমাদের টিম যানজট নিরসনের কাজ করছে।

এসময় উপস্থিত ছিলেন কনস্টবল তুষার, মামুন, লাবনী। এবিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন, সরকার রোড বানিয়েছেন জনগণ এর চলাচল সহজ করার জন্য। আর এসব যানজটের জন্য মানুষের চলাচল কষ্টসাধ্য হয়। যানজট নিরসনে আমাদের এই সেবা চলমান থাকবে।

দামুড়হুদা মডেল থানা পুলিশ হাতে প্রতারক চক্রের সদস্য গ্রেফতার

দামুড়হুদা মডেল থানা পুলিশের হাতে আবারো আন্তঃজেলা প্রতারক চক্রের সক্রিয় সদস্য আটক, এবং একটি বাজাজ সিটি ১০০ মোটরসাইকেল, ৫৫ টি ভুয়া মেমো এবং প্রতারণার মাধ্যমে আত্মসাৎকৃত নগদ ২৭০০/- হাজার টাকা উদ্ধার।

আটককৃত হলেন দামুড়হুদা উপজেলার রামনগর গ্রামের রেজাউল হকের ছেলে আলিফ (৩৭)। আজ বুধবার বিকাল ৫টার দিকে তাকে নিজ বাড়ি থেকে আটক করা হয়।

পুলিশ সুত্রে জানাগেছে, চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুনের সার্বিক দিক নির্দেশনায় দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদের নেতৃত্বে দামুড়হুদা মডেল থানার এসআই তৌহিদুর রহমান শেখ সঙ্গীয় ফোর্সসহ তথ্য প্রযুক্তির ভিত্তিতে উপজেলার জুড়ানপুর ইউনিয়নের রামনগর গ্রামস্থ ক্লাব মোড় সংলগ্ন আসামীর নিজ বসত বাড়ি থেকে কৌশলে প্রতারণার মাধ্যমে অর্থ হাতিয়ে নেয়া চক্রের মূল হোতা আলিফ কে আটক করে।

আটককৃত ব্যাক্তি দামুড়হুদা, আলমডাঙ্গা, জীবননগর চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মেহেরপুর ও ঝিনাইদহ সহ আসপাশের জেলায় প্রতারণা করে অর্থ হাতিয়ে নেয়। সে আশপাশের জেলাগুলো থেকে প্রতারণা করে বিভিন্ন ব্যবসায়িদের কাছথেকে মোটা অর্থ হাতিয়ে নিত। পুলিশ এমন তথ্য পেয়ে তথ্য-প্রযুক্তির মাধ্যমে সনাক্ত করে তাকে আটক করে।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে প্রতারনা মামলা রুজু করা হয়েছে। বৃহস্পতিবার তাকে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হবে।